৩১ বর্ষ ১১তম সংখ্যা ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) ১ আষাঢ় ১৪২৪, ১৫ জুন ২০১৭

# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

### ‘বঙ্গবন্ধু আইল্যান্ড’ সম্পর্কে গবেষণা ফলাফল উপস্থাপন

## বঙ্গোপসাগরে ‘বঙ্গবন্ধু আইল্যান্ড’



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ‘বঙ্গোপসাগরে জেগে ওঠা বঙ্গবন্ধু আইল্যান্ড’ সম্পর্কিত বিজ্ঞান ভিত্তিক অনুসন্ধান কার্যক্রমের ফলাফল উপস্থাপন করা হয়েছে। এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে গত ২৬ মে ২০১৭ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী মাল্টিমিডিয়া শেণীকক্ষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের উপস্থিতিতে এই ফলাফল উপস্থাপন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, গবেষণালব্ধ ফলাফল বাংলাদেশের সমুদ্র সম্পদ, উপকূলীয় অঞ্চলের সম্পদ ব্যবহার, সমুদ্রকেন্দ্রিক অর্থনীতি এবং পর্যটন নিয়ে উন্নয়ন কর্মকান্ডের কার্যক্রমের সম্ভাবনা সৃষ্টি হলো। এতে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় এই কর্মকান্ড ভূমিকা রাখবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন। উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয় তার আর্থিক সীমাবদ্ধতা, অবকাঠামোগত সীমাবদ্ধতা, গবেষণাগারের অপ্রতুলতার মধ্য দিয়েও অত্যন্ত নীরবে নানা বিষয়ে বহুমাত্রিক মূল্যবান গবেষণা কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। তিনি বিশ্ববিদ্যালয়ের অব্যাহত গবেষণা কার্যক্রম এবং এর ফলাফল সম্পর্কে তথ্য উপস্থাপনের জন্য গণমাধ্যম কর্মীদের প্রতি আহ্বান জানান।

সম্মেলনে আইল্যান্ডের নামকরণ, ভূমিরূপগত পরিবর্তন এবং পর্যটন সম্ভাবনা নিয়ে আলোকপাত করা হয়। সংবাদ সম্মেলনের প্রারম্ভে ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বঙ্গবন্ধু দ্বীপের উৎপত্তি, ক্রমবিকাশ, পর্যটন আকর্ষণ, জীববৈচিত্র্য এবং পরিবেশবান্ধব উপযোগিতা সম্পর্কে বিস্তারিত গবেষণা ফলাফল উপস্থাপন করেন।

উল্লেখ্য, এর আগে অধ্যাপক ড. মো: শহীদুল ইসলামের নেতৃত্বে ২৮ সদস্যের একটি অনুসন্ধানী দল গত ১১-১৬ ফেব্রুয়ারি ২০১৭ বঙ্গোপসাগরে জেগে ওঠা বঙ্গবন্ধু আইল্যান্ডে সর্বপ্রথম একটি বিজ্ঞান ভিত্তিক অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করে।

## সিনেট অধিবেশন আগামী ১৭ জুন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ২০১৭ সনের বার্ষিক অধিবেশন আগামী ১৭ জুন ২০১৭ শনিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর ২১ ধারায় অর্পিত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সিনেটের এই বার্ষিক সভা আহ্বান করেছেন। সিনেট সভায় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের বাজেট উপস্থাপন করা হবে।

অধিবেশনে সভাপতিত্ব করবেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

## ১০ম জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব-২০১৭

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হল ডিবেটিং ক্লাব আয়োজিত ৫ দিনব্যাপী ‘১০তম জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব-২০১৭’ এর সমাপণী অনুষ্ঠান গত ২৮ মে ২০১৭ হলের মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হারুনুর রশিদ, এফ এইচ ডিবেটিং ক্লাবের মডারেটর ড. এ কে লুৎফুল কবির এবং ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি রায়হান সানন। সভাপতিত্ব করেন এফ এইচ ডিবেটিং ক্লাবের সভাপতি শেখ মুসফিক উস সালেহীন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বুদ্ধি ও যুক্তি ভিত্তিক সমাজ বিনির্মাণে বিতর্ক প্রতিযোগিতা সচেতনতা সৃষ্টির মাধ্যম। বিজ্ঞান চর্চা চেতনায় সত্য সন্ধানের পথ নির্দেশ করে। উপাচার্য শিক্ষার্থীদের যুক্তি ও সত্যনিষ্ঠার পথে থেকে জ্ঞানার্জনের আহ্বান জানান।

বিতর্কের বিষয়বস্তু ছিল “জিনোমে যূথবদ্ধ আজি যুক্তির শতদল---, বিশ্বজনে পৌঁছে দেব প্রণয়ের কল্লোল”। উক্ত বিতর্ক প্রতিযোগিতায় * ২য় পৃষ্ঠায় দেখুন

### ‘এ্যাডভান্সেস ইন কম্পিউটেশনাল ম্যাথমেটিক্স’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন

## শিক্ষার সকল শাখায় গণিত জ্ঞানবৃক্ষ হিসাবে ভূমিকা রাখে-উপাচার্য




ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ এবং নয়াদিল্লীস্থ সাউথ এশিয়ান ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে “এ্যাডভান্সেস ইন কম্পিউটেশনাল ম্যাথমেটিক্স” শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ২৭ মে ২০১৭ এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সম্মেলন উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের চেয়ারম্যান এবং সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডলের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. সাজেদা বানু এবং সাউথ এশিয়ান ইউনিভার্সিটির অধ্যাপক ড. রঞ্জন কে মোহন্তী বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন আয়োজক কমিটির সম্পাদক ড. সমীর কুমার ভৌমিক। অনুষ্ঠান সঞ্চালন করেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার প্রাথমিক স্তর থেকেই গণিতের উৎকর্ষ সাধনের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, গণিত বিজ্ঞানের একটি মৌলিক বিষয় হলেও এটি শিক্ষার সকল শাখায় জ্ঞানবৃক্ষ হিসাবে ভূমিকা রাখে। উপাচার্য গণিতকে শিক্ষার ভিত হিসাবে উল্লেখ করে বলেন, জ্ঞানের অন্য সব শাখা এই ভিতের ওপর নির্মিত ও সম্প্রসারিত। গণিত শিক্ষা ও গবেষণা বর্তমান বিশ্বে চলমান অস্থিরতা ও জটিলতা নিরসনেও কার্যকর ভূমিকা রাখতে পারে। বিজ্ঞানমনস্ক জনশক্তিকে দক্ষ জনসম্পদ হিসাবে বর্ণনা করে তিনি বলেন, গণিত-জ্ঞান ভিত্তিক সমাজ ব্যবস্থা দেশে বিজ্ঞানমনস্ক ও যুক্তিবাদী জনশক্তি গড়ে তুলতে পারে। তাই গোঁড়ামি ও যুক্তিহীন মতবাদ মোকাবেলায় গণিত চর্চা অত্যন্ত জরুরী। মানুষের মাঝে যুক্তিবাদী দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে গণিতের সাংস্কৃতিক ব্যবহারের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ ও ভারতের বিশিষ্ট গণিতবিদগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

## ঢাবি-এ গ্রীষ্মকালীন ও ঈদুল ফিতর'র ছুটি শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনুমোদিত ছুটির তালিকা অনুযায়ী গ্রীষ্মকালীন ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্লাস ছুটি শুরু হয়েছে। ১ জুন ২০১৭ বৃহস্পতিবার থেকে আগামী ৯ জুলাই ২০১৭ রবিবার পর্যন্ত ক্লাসসমূহ বন্ধ থাকবে। ছুটি শেষে আগামী ১০ জুলাই ২০১৭ সোমবার থেকে ক্লাসসমূহ শুরু হবে।

উল্লেখ্য, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ আগামী ২২ জুন ২০১৭ বৃহস্পতিবার থেকে ২৯ জুন ২০১৭ বৃহস্পতিবার পর্যন্ত বন্ধ থাকবে। ৩০ জুন শুক্রবার ও ১ জুলাই শনিবার ছুটির দিন হওয়ায় ২ জুলাই ২০১৭ রবিবার থেকে যথারীতি অফিস খোলা থাকবে।



মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক ও দি ডেইলি স্টার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ হাজার আবাসিক শিক্ষার্থীকে বিনামূল্যে ইংরেজী সংবাদপত্র ‘দি ডেইলি স্টার’ বিতরণ করবে। গত ১১ মে ২০১৭ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে ‘Promoting Knowledge’- শীর্ষক এই কার্যক্রমের ‘Season-6’ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ‘দি ডেইলি স্টার’এর সম্পাদক ও প্রকাশক মাহ্‌ফুজ আনাম এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের চীফ অপারেটিং অফিসার (সিইও) মো. হাসেম চৌধুরী। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, সিনিয়র শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

### শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী

## সুসম্পর্কের কারনে ভারতের সাথে অচিরেই তিস্তা চুক্তি হবে- ড. গওহর রিজভী



ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে Foundation Day Lecture’ গত ৮ জুন ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ‘ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ ফাউন্ডেশন ডে ট্রাস্ট ফান্ড’-এর উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী ফাউন্ডেশন ডে লেকচার প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান মো: তৌহিদুল ইসলাম স্বাগত বক্তব্য দেন। ধন্যবাদ জ্ঞাপন করেন সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ শাহীনুর আলম। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শান্তির দূত হিসাবে কাজ করার জন্য শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সংঘর্ষের কারণগুলো চিহ্নিত করে বিশ্বে শান্তি প্রতিষ্ঠার উপায় বের করতে হবে। সন্ত্রাসী ও জঙ্গিবাদী গোষ্ঠীর হাত থেকে মানব সভ্যতাকে রক্ষা করতে হবে। যত বাধাই আসুক, তরুণ প্রজন্মকে শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। পবিত্র রমজান মাসে বিশ্বের বিভিন্ন প্রান্তে সংঘটিত সন্ত্রাসী হামলার চিত্র তুলে ধরে তিনি প্রশ্ন রাখেন, শান্তির ধর্ম ইসলামের নামে যারা অশান্তি সৃষ্টি করে, তারা কোন ইসলামের অনুসারী ? ধর্মের নামে মানুষ হত্যাকে অনেক বড় অপরাধ বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শান্তির দর্শনে বিশ্বাস করতেন এবং সব সময় শান্তির স্বপ্ন দেখতেন।

প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী আঞ্চলিক শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা, দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ এবং ভারতের মধ্যে * ২য় পৃষ্ঠায় দেখুন




ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে গত ১৮ মে ২০১৭ 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময় বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।




গত ১ জুন ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় বিজয় একাত্তর হলে “সোনার বাংলা মেস” এর উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ. জে. এম. শফিউল আলম ভুইয়া, হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## পাণ্ডুলিপি বিষয়ক কর্মশালা

# জ্ঞান বিতরণে মানুষ প্রজ্ঞাবান হয়ে উঠে- উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের উদ্যোগে “পাণ্ডুলিপি” বিষয়ক তিন দিনব্যাপী কর্মশালা গত ১৪ মে ২০১৭ গ্রন্থাগারের সাইবার সেন্টারে উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালার উদ্বোধন করেন।

ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান অধ্যাপক ড. এস এম জাবেদ আহমদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান (পরিকল্পনা ও উন্নয়ন) সৈয়দা ফরিদা পারভীন। ধন্যবাদ জ্ঞাপন করেন গ্রন্থাগারের ডেপুটি লাইব্রেরিয়ান সৈয়দ আলী আকবর।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বক্তৃতায় বলেন, হাজার বছরের জ্ঞান সংরক্ষিত আছে পাণ্ডুলিপিতে। পাণ্ডুলিপির পাঠোদ্ধার করার জন্য দেশ-বিদেশের জ্ঞানপিপাসুরা এই বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে আসেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে সংরক্ষিত পাণ্ডুলিপিগুলো ডিজিটালাইজ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে বেশ কিছু পাণ্ডুলিপি ডিজিটালাইজ পদ্ধতিতে সংরক্ষণ করা হয়েছে। পাণ্ডুলিপিকে আমাদের জ্ঞানের ভাণ্ডার হিসেবে উল্লেখ করে উপাচার্য বলেন, তথ্য ও জ্ঞান যত বিতরণ করা হয় ততই এর কার্যকারিতা বাড়ে। জ্ঞান বিতরণে কারও জ্ঞান কমে না, বরঞ্চ মানুষ এতে প্রজ্ঞাবান হয়ে উঠে। উপাচার্য জানান, পাণ্ডুলিপিগুলো যাতে আমরা নিজেরা পাঠোদ্ধার করতে পারি এবং পৃথিবীর বিভিন্ন দেশের পণ্ডিতরাও যেন তা পাঠ করতে পারেন সেজন্যে ভবিষ্যতে পাণ্ডুলিপিগুলো ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা রয়েছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৬০জন শিক্ষার্থী এই কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালা চলে ১৫ মে থেকে ১৭ মে ২০১৭ পর্যন্ত।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা প্রকৌশল অধিদফতরের অর্থায়নে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ ইউনিভার্সিটি ল্যাবরেটরি (ইউল্যাব) স্কুল ও কলেজের একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজের উদ্বোধনী অনুষ্ঠান গত ১৮ মে ২০১৭ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনের ফলক উন্মোচন করেন।

# ১০ম জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসব-২০১৭

(১ম পৃষ্ঠার পর) স্কুল পর্যায়ে ১৬টি স্কুল, কলেজ পর্যায়ে ২৪টি কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের ৪০টি ক্লাব অংশগ্রহণ করে। স্কুল পর্যায়ে সেন্ট গ্রেগরি স্কুল, কলেজ পর্যায়ে ঢাকা কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ডিবেটিং ক্লাব চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

উল্লেখ্য, প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ২৪ মে ২০১৭ হলের মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন করেন।

# শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন

(১ম পৃষ্ঠার পর) বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো সুদৃঢ় করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বর্তমানে দু'দেশের মধ্যে ভাল সম্পর্ক থাকায় সম্প্রতি অনেক অমীমাংসিত সমস্যা সমাধান করা সম্ভব হয়েছে। এর ধারাবাহিকতায় অচিরেই তিস্তা পানি চুক্তিসহ দু'দেশের যৌথ নদী ব্যবস্থাপনা কার্যক্রম চালু হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বাংলাদেশ-ভারত সম্পর্ককে 'ন্যাচারাল' হিসাবে বর্ণনা করে তিনি বলেন, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে জীবন দিয়ে ভারতের মানুষ আমাদের রক্তের বন্ধনে আবদ্ধ করেছে। ১৯৭৫ সালের পর স্বাধীনতা বিরোধী চক্র ক্ষমতায় এসে দু'দেশের সম্পর্কের অবনতি ঘটায়। অভ্যন্তরীণ রাজনীতির স্বার্থে তারা জনমনে ভারত বিরোধী সেন্টিমেন্ট তৈরী করে এবং বিভিন্ন সমস্যা জিইয়ে রাখে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় এসে ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক পুন:স্থাপন করেন এবং জনগণের মধ্যে শান্তি প্রতিষ্ঠার কাজ শুরু করেন। দু'দেশের এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বাংলাদেশের দারিদ্র বিমোচন, বিদ্যুৎ খাতের উন্নয়ন, যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে তিনি উল্লেখ করেন।

আলোচনা শেষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক শান্তি র‌্যালি বের করা হয়।

# ঢাবি গবেষণা সোসাইটির নবীন বরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সোসাইটি (ডিইউআরএস) আয়োজনে Research for a Better World প্রতিপাদ্য নিয়ে গত ১৫ মে ২০১৭ বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয় নবীন বরণ অনুষ্ঠান। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। গবেষণা সংসদের সভাপতি সাইফুল্লা সাদেকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগের অধ্যাপক ড. মো. আফতাব উদ্দিন, গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স এর সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট মো. আব্দুল মান্নান, প্রধানমন্ত্রীর দফতরের এটুআই-এর গবেষণা বিশেষজ্ঞ মোস্তাফিজুর রহমান খান প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন গবেষণা সংসদের সাধারণ সম্পাদক আহমেদ রেজা।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গবেষণায় আগ্রহী নবীন শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, গবেষণার মাধ্যমে বিশ্বকে আরও উন্নত করা সম্ভব। আজকের ক্রমবর্ধমান এই বৈশ্বিক উন্নয়ন গবেষণার মাধ্যমেই সম্ভব হয়েছে। বিজ্ঞানের বিভিন্ন ধরনের আবিষ্কার বা প্রযুক্তিগত উন্নয়ন, সবই গবেষণার ফসল। তাই নতুন প্রজন্মের মধ্যে শিশুসুলভ অনুসন্ধিৎসু মন নিয়ে গবেষণার আগ্রহ থাকা উচিৎ। পরিশেষে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষের পড়ালেখার পাশাপাশি বঙ্গবন্ধুর সোনার মানুষ হতে হবে, সোনার মানুষ হলো জ্ঞানী, বিচক্ষণ সর্বোপরি ভালো মানুষ।

## বিশ্ব পরিবেশ দিবস পালিত

# প্রকৃতিকে যথাযথভাবে পরিচর্যা করতে হবে-উপাচার্য

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে 'প্রকৃতি, পরিবেশ এবং জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন' শীর্ষক এক সেমিনার গত ২৫ মে ২০১৭ সামাজিক বিজ্ঞান ভবনের মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে পরিবেশ ও বন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব এমপি প্রধান অতিথি এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নূরুল করিম, পরিবেশ অধিদফতরের মহাপরিচালক রইছউল আলম মন্ডল ও ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাফিজা খাতুন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

পরিবেশ ও বন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব এমপি বলেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে বৈশ্বিক উষ্ণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এতে জীববৈচিত্র্য ধ্বংস হচ্ছে এবং পরিবেশ হুমকির মুখে পড়ছে। এভাবে তাপমাত্রা বাড়তে থাকলে অদূর ভবিষ্যতে বরফ গলে বাংলাদেশের দুই তৃতীয়াংশ এলাকা তলিয়ে যেতে পারে এবং ২ কোটি মানুষ বিপন্ন হতে পারে। পরিবেশ রক্ষায় বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, ২০২১ সালের মধ্যে দূষণমুক্ত সবুজ বাংলাদেশ গড়তে আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শিল্পোন্নত দেশের কল-কারখানার কালো ধোঁয়া আমাদের পরিবেশকে দূষিত করছে। বিশ্ব প্রকৃতি যেহেতু এক ও অভিন্ন, তাই প্রকৃতি রক্ষায় শিল্পোন্নত দেশগুলোকে এগিয়ে আসতে হবে। অন্যথায় বাংলাদেশের প্রকৃতিকে রক্ষা করা যাবে না। বিশ্ব প্রকৃতিকে ধ্বংসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্রকৃতিকে যথাযথভাবে পরিচর্যা করতে হবে এবং প্রকৃতি রক্ষায় স্ব স্ব অবস্থান থেকে সকলকে কাজ করতে হবে। এ ব্যাপারে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির ওপর তিনি গুরুত্বারোপ করেন।

# বিশ্ব পরিবেশ দিবস পালিত

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে গত ৫ জুন ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে ছিল র‌্যালি ও 'ইউথ ক্লাইমেট পার্লামেন্ট' শীর্ষক পরিবেশ বিতর্ক। ঢাকা




ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ এবং বেসরকারী সংস্থা সিপ, পরিপ্রেক্ষিত ও সেভ দ্যা চিলড্রেন যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আরসি মজুমদার আর্টস মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা দল চ্যাম্পিয়ন এবং নারায়ণগঞ্জ দল রানার্স আপ হয়েছে। প্রতিযোগিতায় মোট ৬টি বিদ্যালয় অংশগ্রহণ করে। সাভার উচ্চ বালিকা বিদ্যালয়, আধার চন্দ্র উচ্চ বিদ্যালয়, ইনস্টিটিউট ও মিরপুর আইডিয়াল স্কুলের শিক্ষার্থীদের নিয়ে ঢাকা দল এবং নারায়ণগঞ্জ উচ্চ বিদ্যালয় ও মরগান উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে নারায়ণগঞ্জ দল গঠন করা হয়।

এর আগে দিবসটি উপলক্ষে অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়।



গত ৫ মে ২০১৬ স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধনের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে রক্তের ট্রান্সফিউশন (রক্ত সংগ্রহশালা) সেন্টারের উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেন্টার উদ্বোধন এবং বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের দ্বিতীয় তলায় এই সেন্টার নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## মালয়েশিয়ার হাই কমিশনার

বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার নূর আশিকিন মোহামেদ তাইব গত ৬ জুন ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় তাঁর সঙ্গে ছিলেন হাই কমিশনের ফার্স্ট সেক্রেটারি ইদহাম জুহরি মোহামেদ ইউনুস।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী ও সাংস্কৃতিক দল বিনিময়ের ওপর গুরুত্বারোপ করা হয়। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে হাই কমিশনারকে অবহিত করেন।

## মালয়েশিয়ার অধ্যাপক

মালয়েশিয়ার জাতীয় বিশ্ববিদ্যালয়ের নবায়ণযোগ্য শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. কামারুজ্জামান সুপিয়ান গত ১১ জুন ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ এবং একই বিভাগের পিএইচডি গবেষক মিসেস নাহিদ আকতার উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে মত বিনিময় করেন। তাঁরা একে অপরকে নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস মালয়েশিয়ার অধ্যাপকের কাছে তুলে ধরেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য উপাচার্য অতিথিকে ধন্যবাদ জানান।

## কোরিয়া প্রতিনিধিদল

দক্ষিণ কোরিয়ার সুংচুনহিয়াং ইউনিভার্সিটির অধ্যাপক ড. চ্যাং সু সুহ-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৮ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন - ঢাকাস্থ কোইকার ডেপুটি কান্ট্রি ডিরেক্টর বে জিন হিউন এবং মার্ক এ্যানি'র পরিচালক লি চুল হি।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. বি এম মইনুল হোসেন, ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ শরিয়ত উল্লাহ, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের সহকারী অধ্যাপক মো. রাশেদুর রহমানসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা কোইকার আর্থিক সহযোগিতায় 'ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন এন্ড অন্ট্রপ্রনারশিপ ল্যাব (ডি ইউ আইই ল্যাব)' আধুনিকায়নের বিষয়ে আলোচনা করেন।



বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার নূর আশিকিন মোহামেদ তাইব গত ৬ জুন ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



দক্ষিণ কোরিয়ার সুংচুনহিয়াং ইউনিভার্সিটির অধ্যাপক ড. চ্যাং সু সুহ-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৮ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



মালয়েশিয়ার জাতীয় বিশ্ববিদ্যালয়ের নবায়ণযোগ্য শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. কামারুজ্জামান সুপিয়ান গত ১১ জুন ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# নৃত্যকলা বিভাগে 'উদয়শঙ্কর পাঠাগার' উদ্বোধন

ঢাকাস্থ ভারতীয় দূতাবাসের আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগে 'উদয়শঙ্কর পাঠাগার' প্রতিষ্ঠা করা



হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১৮ মে ২০১৭ কলা ভবনের নীচ তলায় নব-প্রতিষ্ঠিত এই পাঠাগার উদ্বোধন করেন। নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাই কমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বাংলাদেশ এবং ভারতের ভৌগোলিক সীমারেখা আলাদা হলেও ইতিহাস-ঐতিহ্য, সাহিত্য-সংস্কৃতি এক ও অভিন্ন। তাই দু'দেশের শিল্প-সংস্কৃতির উন্নয়নে আমাদের একযোগে কাজ করতে হবে। বাংলাদেশ এবং ভারতের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে ঐতিহাসিক হিসাবে বর্ণনা করে উপাচার্য বলেন, নৃত্যকলা বিভাগে 'উদয়শঙ্কর পাঠাগার' স্থাপনের মাধ্যমে দু'দেশের এই সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে। বাংলাদেশের নৃত্য শিল্পের উৎকর্ষ সাধনে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য তিনি নৃত্যকলা বিভাগের শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প পরিচালিত হচ্ছে। উভয় দেশের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময় কার্যক্রমও চলমান রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগের উন্নয়নে ভারতের সার্বিক সহযোগিতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি জানান।



গত ২৮ মে ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র (CARASS)-এর উদ্যোগে ৮ দিনব্যাপী অনুষ্ঠিত Research Paradigm and Advances Methodology in Arts and Social Sciences শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

# ঢাবি এবং কাতার এয়ারওয়েজ-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কাতার এয়ারওয়েজ-এর মধ্যে গত ৭ জুন ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং কাতার এয়ারওয়েজ-এর সেল্স ম্যানেজার বখ্শি মোহাম্মদ তৈয়ব নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় কাতার এয়ারওয়েজ কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, স্টাফ এবং তাদের স্ত্রী-সন্তানদের ঢাকা-কাতারসহ মধ্যপ্রাচ্য, ইউরোপ-আমেরিকা ও আফ্রিকার বিভিন্ন



ঢাকাস্থ ইরান সাংস্কৃতিক কেন্দ্রের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্সী ভাষা ও সাহিত্য বিভাগে গত ১৮ মে ২০১৭ 'ল্যাঙ্গুয়েজ ল্যাব' উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, ঢাকাস্থ ইরানের রাষ্ট্রদূত ড. আব্বাস ভায়েজী দেহনাভী এবং ইরান সাংস্কৃতিক কেন্দ্রের কালচারাল কাউন্সিলর সৈয়দ মুসা হোসেইনী যৌথভাবে এই ল্যাবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

# রোভার স্কাউট গ্রুপের বার্ষিক তাঁবুবাস

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপী বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের উদ্বোধন করা হয় গত ১১ মে ২০১৭। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য সত্য ও ন্যায়নিষ্ঠার দীক্ষা গ্রহণের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, অনেক মানুষ শিক্ষা অর্জন করেছে কিন্তু প্রকৃত মনুষ্যত্ব অর্জন করতে পারেনি। ন্যায় ও সত্যনিষ্ঠার পথে দীক্ষা গ্রহণ করে সমাজে ও দেশের জন্য নিজেদের নিয়োজিত করতে উপাচার্য স্কাউটদের প্রতি আহ্বান জানান।

বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের দ্বিতীয় দিন গত ১২ মে ২০১৭ অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

সবশেষে ১৩ মে ২০১৭ সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। আরও উপস্থিত ছিলেন ঢাকা জেলা রোভার কমিশনার অধ্যাপক এনামুল হক খান এলটি।




ঢাবি আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্র এবং যুক্তরাষ্ট্রের 'গ্লোবাল মিউজিক ইনিসিয়াটিভ'-এর যৌথ উদ্যোগে "Religion Terrorism & Deep State" শীর্ষক এক বিশেষ সেমিনার গত ৮ জুন ২০১৭ বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের ড. এ আর মল্লিক লেকচার হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনারের উদ্বোধন করেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের 'গ্লোবাল মিউজিক ইনিসিয়াটিভ'-এর প্রতিষ্ঠাতা ও পরিচালক রোনাল্ড অ্যালান ফিঙ্ক। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন। আলোচনায় অংশগ্রহণ করেন ইতিহাস বিভাগের অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন এবং স্বাগত বক্তব্য রাখেন বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান ড. ফাদার তপন ডি রোজারিও। সেমিনারে সভাপতিত্ব করেন আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্রের পরিচালক ড. ফাজরীন হুদা।



ভাষা আন্দোলন স্মৃতিরক্ষা পরিষদের উদ্যোগে আসামের ভাষাশহীদ দিবস স্মরণে গত ১৯ মে ২০১৭ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভা, কবিতা পাঠ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। সভাপতিত্ব করেন বিশিষ্ট লেখক সেলিনা খালেক। স্বাগত বক্তব্য রাখেন ভাষা আন্দোলন স্মৃতিরক্ষা পরিষদের সভাপতি এম আর মাহবুব এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন পরিষদের সাধারণ সম্পাদক ডা. এম এ মুক্তাদীর ও সালমা আহমেদ হীরা। ছবিতে উপাচার্যকে বক্তব্য রাখতে দেখা যাচ্ছে।

# ঢাবি-এ অবিন্তা কবির সাইবার সেন্টার ও আর্কাইভের উদ্বোধন

অবিন্তা কবির ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় ঢাকা বিশ্বাবিদ্যালয় চারুকলা অনুষদের গ্রন্থাগারে একটি অত্যাধুনিক সাইবার সেন্টার ও আর্কাইভ স্থাপন করা হয়েছে। গত ২৪ মে ২০১৭ এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সাইবার সেন্টার ও আর্কাইভ উদ্বোধন করেন। অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অবিন্তা কবির ফাউন্ডেশনের চেয়ারপার্সন নিলু রওশন মোর্শেদ। এছাড়াও চারুকলা অনুষদের শিক্ষক, শিক্ষার্থী ও অবিন্তা কবিরের পরিবারের সদস্যবর্গ উপস্থিত ছিলেন।

মা রুবা আহমেদের একমাত্র সন্তান অবিন্তা কবিরের স্মৃতিচারণে অনুষ্ঠানস্থলে উপস্থিত সকলেই আবেগপ্রবণ হয়ে ওঠেন। অনুষ্ঠানে অবিন্তা কবিরের জীবন ও কর্ম নিয়ে নির্মিত প্রামাণ্যচিত্রের প্রদর্শন অনুষ্ঠানকে জীবন্ত করে তোলে। ফাউন্ডেশনের চেয়ারপার্সন নিলু রওশন মোর্শেদ বলেন, একজন মেধাবী শিক্ষার্থী ছাড়াও অবিন্তা কবির শিল্প ও নন্দনতত্ত্বপ্রেমী ছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষার্থী ও সদস্যদের কাজকে সহায়তা করার পাশাপাশি তাদের কাজের মাধ্যমে অবিন্তার স্মৃতিকে বাঁচিয়ে রাখতেই অবিন্তা কবির ফাউন্ডেশন এই উদ্যোগটি নিয়েছে।



প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, যুক্তরাষ্ট্রে বসবাস করেও বাংলাদেশের প্রতি গভীরভাবে অনুরক্ত অবিন্তা ছিল দেশঅন্তপ্রাণ। বিলাস বহুল জীবন যাপন করার পরও সুবিধাবঞ্চিত মানুষের জন্য কিছু করার যে অভিপ্রায় সে পোষণ করত এবং নিরলসভাবে কাজ করে যাচ্ছিল সে তার দেশপ্রেমেরই প্রকাশ। আমাদের দুর্ভাগ্য আমরা অবিন্তা কবিরকে বাঁচিয়ে রাখতে পারি নি। আমাদের এ বিষয়ে সচেতন হতে হবে যেন আর কাউকে এভাবে বিদায় নিতে না হয়। বিশ্বব্যাপী একের পর এক সন্ত্রাসী, সহিংস ও জঙ্গিবাদি ঘটনা ঘটে চলেছে। সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূল করা ছাড়া আর কোন উপায় নেই, এর জন্য দরকার সকলের ঐক্যবদ্ধ প্রয়াস। উপাচার্য এই ঐক্যবদ্ধ পদক্ষেপে অবিন্তা ফাউন্ডেশনকে নেতৃত্ব দেওয়ার আহ্বান জানান এবং আশা প্রকাশ করেন অশুভ শক্তি নির্মূলে সকলে অংশগ্রহণ করবে।

উল্লেখ্য, শিল্প ও সংস্কৃতি অনুরাগী অবিন্তা কবির ২০১৬ সালের ১ জুলাই হলি আর্টিজানের নির্মম ঘটনায় নিহত হন। তাঁর স্মৃতি রক্ষার্থে অবিন্তা কবিরের নামে এই সাইবার সেন্টার ও আর্কাইভ স্থাপন করা হয়েছে।

# বিজনেস স্টাডিজ অনুষদের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান



ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন বিভাগের দরিদ্র ও মেধাবী আবাসিক শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ২৮ মে ২০১৭ বিজনেস স্টাডিজ অনুষদস্থ আব্দুল্লাহ ফারুক মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। এতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, ব্র্যাক ব্যাংক লিমিটেড ও আর আই খান ট্রাস্ট ফান্ড-এর সহযোগিতায় দরিদ্র ও মেধাবী আবাসিক শিক্ষার্থীদের এই বৃত্তি প্রদান করা হয়েছে। অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেফ মো. আলী এবং ব্র্যাক ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী সেলিম আর. এফ. হুসাইন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের কল্যাণে বৃত্তি প্রদান করায় দাতাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, শুধুমাত্র মেধার যোগ্যতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়ায় উত্তীর্ণ হয়ে আজ তারা উচ্চতর পড়াশোনা অব্যাহত রেখেছে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য আরও বলেন, একটি দেশের সম্পদ হলো মেধা, তোমরা এই দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠের মেধাবী শিক্ষার্থী। সবার মাঝেই অমিত সম্ভাবনা আছে, সেই সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়াই সকলের উদ্দেশ্য। তোমাদের সেই অগ্রযাত্রায় বিশ্ববিদ্যালয় সবসময় পাশে থাকবে, পাশে থাকবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। সেই যাত্রাপথে সব ধরনের হীনমন্যতাকে পাশ কাটিয়ে আত্মমর্যাদা ও আত্মবিশ্বাসের সাথে সব বাধা অতিক্রম করে তোমরা এগিয়ে যাবে। উপাচার্য দেশ ও জনগনের উন্নয়নের জন্য কাজ করতে শিক্ষার্থীদের প্রতি প্রত্যাশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে সামাজিক দায়বদ্ধতা কর্মসূচির আওতায় ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর পক্ষ থেকে যথাক্রমে ৩০ লক্ষ ও ২৪ লক্ষ টাকার চেক হস্তান্তর করা হয়। প্রত্যেক শিক্ষার্থীকে ৫হাজার টাকা করে প্রতি মাসে ৫০ জন শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান করবে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড এবং ৪০ জনকে বৃত্তি প্রদান করবে ব্র্যাক ব্যাংক লিমিটেড। এসময় ব্যাংকদ্বয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও বিজনেস স্টাডিজ অনুষদের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের প্রয়াত শিক্ষক রফিকুল ইসলাম খানের স্মরণে তার মেয়ে ড. হাসিনা শেখ, আর আই খান ট্রাস্ট ফান্ডের পক্ষ থেকে ১০ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করেন। বৃত্তি নির্বাচন কমিটির প্রধান অধ্যাপক ড. রাজিয়া বেগম নির্বাচন পদ্ধতি সম্পর্কে অবহিত করেন। অতিথিবৃন্দ তাদের বক্তৃতায় ভবিষ্যতে এ ধরনের কর্মকান্ডে তাদের হাত আরও প্রসারিত করার আশাবাদ ব্যক্ত করেন।



# খোন্দকার লুৎফি রব্বানী-নাজমুন নেছা স্মৃতি বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী



পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের ২জন কৃতী শিক্ষার্থী "খোন্দকার লুৎফি রব্বানী-নাজমুন নেছা স্মৃতি বৃত্তি" লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন হাসান মেহেদী এবং রিসাত জেসমিন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২১ মে ২০১৭ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল শ্রেণী কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা এবং বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানীসহ দাতা পরিবারের কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত খোন্দকার লুৎফি রব্বানীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, প্রয়াত খোন্দকার লুৎফি রব্বানীর আদর্শ অনুসরণের মাধ্যমে মেধাবী শিক্ষার্থীদের সৎ, দেশ প্রেমিক এবং ভালো মানুষ হিসাবে গড়ে ওঠতে হবে।

উল্লেখ্য, প্রয়াত খোন্দকার লুৎফি রব্বানী ১৯০৪ সালে জন্মগ্রহণ করেন এবং ১৯৬২ সালে ইন্তেকাল করেন। ১৯৩০ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগ থেকে স্নাতক (সম্মান) ডিগ্রি অর্জন করেন। তিনি একজন সৎ পুলিশ অফিসার ছিলেন। তাঁর স্ত্রী নাজমুন নেছা ১৯১৪ সালের ৭ এপ্রিল জন্মগ্রহণ করেন এবং ২০০৭ সালের ১১ নভেম্বর ইন্তেকাল করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এম এ শ্রেণির ৩জন মেধাবী শিক্ষার্থী 'জাতীয় অধ্যাপক ড. সুফিয়া আহমেদ ট্রাস্ট বৃত্তি'-২০১৭ লাভ করেছেন। গত ১ জুন ২০১৭ প্রো-উপাচার্য (প্রশাসন)-এর অফিস কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো.আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে



# তিন শিক্ষার্থীর জাতীয় অধ্যাপক ড. সুফিয়া আহমেদ ট্রাস্ট বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এম এ শ্রেণির ৩জন মেধাবী শিক্ষার্থী 'জাতীয় অধ্যাপক ড. সুফিয়া আহমেদ ট্রাস্ট বৃত্তি'-২০১৭ লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- খুরশীদ আলম, আবদুল্লাহ-আল-মামুন এবং মো. আব্দুল মুহিত।

গত ১ জুন ২০১৭ প্রো-উপাচার্য (প্রশাসন)-এর অফিস কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো.আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক মো. মাহ্‌ফুজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভাগীয় ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোশাররফ হোসেন ভূঁইয়া, অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাস, অধ্যাপক ড. মোহাম্মাদ ছিদ্দিকুর রহমান খান, মোহাম্মদ হুমায়ুন কবির এবং মো. আবদুর রহিম।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫